যুগান্তর

তারিখ 30 MAR 2017
পৃষ্ঠা ৩ কলাম ৬

ঢাবির মৈত্রী হল

# আবাসিক শিক্ষকের প্রত্যাহার চেয়ে ছাত্রীদের বিক্ষোভ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের এক আবাসিক শিক্ষকের প্রত্যাহার চেয়ে মধ্যরাতে হল থেকে রাস্তায় নেমে বিক্ষোভ করেছেন আবাসিক শিক্ষার্থীরা। প্রত্যাহার চাওয়া ওই শিক্ষকের নাম লোপা আহমেদ। তিনি হলটির প্রিন্সিপাল আবাসিক শিক্ষক। এর আগেও ওই শিক্ষকের প্রত্যাহার চেয়ে বিভিন্ন সময় বিক্ষোভ করেছেন হলের সাধারণ শিক্ষার্থীরা। মঙ্গলবার রাত পৌনে ১২টার দিকে এ ঘটনা ঘটে। ভিসির আশ্বাস পেয়ে রাত ১টার দিকে হলে ফিরে যান আন্দোলনকারীরা। জানা গেছে, ছাত্রীদের নিয়ে কুরুচিপূর্ণ মন্তব্য করায় ওই শিক্ষকের বিরুদ্ধে সর্বশেষ গত বছর আন্দোলন করেন হলের শিক্ষার্থীরা। ওইদিন শিক্ষার্থীদের আন্দোলনের মুখে ওই শিক্ষককে কিছু দিনের জন্য দায়িত্ব পালন থেকে বিরত থাকার নির্দেশ দেয় বিশ্ববিদ্যালয় প্রশাসন। কিন্তু অভিযুক্ত শিক্ষক ১৭ মার্চ পুনরায় হলে ফিরে দায়িত্ব পালন শুরু করেন। পরে হল প্রভোস্ট অধ্যাপক মুবিনা খন্দকারের কাছে প্রতিবাদ জানান শিক্ষার্থীরা। কিন্তু তাতেও কাজ না হওয়ায় মঙ্গলবার রাতে হলের গেট ভেঙে রাস্তায় বের হয়ে আসেন আন্দোলনকারীরা।